# বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

# BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

www.brur.ac.bd

স্মারক নং: বেরোবি/রেজি:/শিক্ষক নিয়োগ-বিজ্ঞপ্তি/২০২৬/১৬ তারিখ: ০৮ জানুয়ারি ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় রংপুর-এর নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

(ক) পদের বিবরণ:

| ক্রমিক নং | বিভাগের নাম | পদের নাম ও পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | পরিসংখ্যান বিভাগ (পুন: বিজ্ঞপ্তি) | অধ্যাপক (স্থায়ী)-০১ টি | |
| ০২ | গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ (পুন: বিজ্ঞপ্তি) | সহযোগী অধ্যাপক (স্থায়ী)-০১টি | |
| ০৩ | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম্ বিভাগ (পুন: বিজ্ঞপ্তি) | সহযোগী অধ্যাপক (স্থায়ী)-০১টি | |
| ০৪ | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ | প্রভাষক (স্থায়ী)-০১ টি | |
| ০৫ | ইলেট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ | প্রভাষক (স্থায়ী)-০১ টি | |
| ০৬ | গণিত বিভাগ | প্রভাষক (স্থায়ী)-০১ টি | |
| ০৭ | ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগ | প্রভাষক (স্থায়ী)-০১ টি | |
| ০৮ | সমাজবিজ্ঞান বিভাগ | প্রভাষক (স্থায়ী)-০১ টি | |
| ০৯ | অর্থনীতি বিভাগ | প্রভাষক (স্থায়ী)-০১ টি | |

(খ) বেতন (জাতীয় বেতন স্কেল ২০১৫):

(i) অধ্যাপক: ৫৬,৫০০-৭৪,৪০০/- (গ্রেড-৩)

(ii) সহযোগী অধ্যাপক: ৫০,০০০-৭১,২০০/- (গ্রেড-৪)

(iii) প্রভাষক: ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯)

(গ) আবেদন ফরম সংগ্রহ ও জমা:

১. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.brur.ac.bd) বিজ্ঞাপিত পদে আবেদন করার শর্তাবলী ও আবেদন ফরম পাওয়া যাবে। রেজিস্ট্রার দপ্তরাধীন সংস্থাপন শাখায় সরাসরি বা ডাকযোগে রবিবার থেকে বৃহস্পতিবার (বিশ্ববিদ্যালয় ছুটির দিন ব্যতীত) সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত বিজ্ঞাপিত পদের আবেদন জমা দেওয়া যাবে।

২. বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফরমে (রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত) প্রভাষক পদের জন্য ০৯ (নয়) সেট এবং সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদের জন্য ১৪ (চৌদ্দ) সেট আবেদন জমা দিতে হবে।

৩. (ক) আবেদন ফরমের সাথে রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর অনুকূলে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে প্রভাষক পদের জন্য ৭৫০/-(সাতশত পঞ্চাশ) টাকা এবং সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদের জন্য ১০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্রের অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/ বিশ্ববিদ্যালয়ের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) (খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি প্রতি সেট আবেদন ফরমের সাথে সংযুক্ত করে ডাকযোগে রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর অথবা হাতে হাতে রেজিস্ট্রার দপ্তরাধীন সংস্থাপন শাখায় জমা দিতে হবে।

৪. আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।

৫. প্রভাষক পদে নিয়োগের ক্ষেত্রে লিখিত পরীক্ষার মাধ্যমে শর্টলিস্ট প্রস্তুত করে নিয়োগ বাছাই বোর্ডে সাক্ষাৎকারের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

৬. চাকরিরত প্রার্থীদের (খন্ডকালীন চাকরি ব্যতীত) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কর্তৃপক্ষের অনুমতিপত্রের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

৭. বিধি মোতাবেক সকল কোটা অনুসরণ করা হবে।

৮. বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে।

৯. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন ফরম ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। আবেদন ফরমের সাথে দাখিলকৃত কোন কাজগপত্র ফেরত প্রদান করা হবে না।

১১. আবেদন ফরম গ্রহণ ও জমা দেওয়ার শেষ তারিখঃ ২৮ জানুয়ারি ২০২৬ খ্রিঃ, বিকাল ৪:০০ টা। উল্লিখিত তারিখের পর কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না কিংবা নতুন কোন ডকুমেন্ট বা তথ্যাদি সংযোজন করা যাবে না। ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১২. কোন ধরনের লিখিত বা মৌখিক তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। নিয়োগ পাওয়ার পর কোন অনৈতিক পন্থা অবলম্বনের অভিযোগ প্রমাণিত হলে চাকরির যে কোন পর্যায়ে আইনানুগ ব্যবস্থা (চাকরিচ্যুতিসহ) গ্রহণ করা হবে।

০৮/০১/২০২৬

ড. মোঃ হারুন-অর রশিদ

রেজিস্ট্রার

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।